[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বালিকা দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

শুক্রবার দুপুর ১২টায় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে প্রতিযোগিতার ফাইনাল শেষে চ্যাম্পিয়ন-রানার আপ দলের হাতে পুরস্কার তুলে দেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

চ্যাম্পিয়ন দলের পক্ষে গোল করে ফাগুন ও বেবী। এ ছাড়া টূর্নামেন্ট সেরা নির্বাচিত হয় রানার আপ দলের অধিনায়ক বিদিশা, ম্যান অব দি ফাইনাল ফাগুন ও সর্বোচ্চ গোলদাতার পুরস্কার লাভ করে চ্যাম্পিয়ন দলের দলনায়ক বেবী।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) খোন্দকার ফরহাদ আহম্মদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইয়াহ্ ইয়া খান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মনিরা পারভীন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন, এনডিসি সিব্বির আহম্মেদ, নির্বাহী ম্যাজিস্ট্রেট খাইরুল ইসলাম, জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহাম্মেদ প্রমুখ।

বিকেল ৫টায় একই মাঠে চুয়াডাঙ্গা জেলা পর্যায়ের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নমেন্টের বালক বিভাগের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

দামুড়হুদা ও দর্শনায় পৃথক অভিযানে ইয়াবা ও ফেন্সিডিলসহ ৩ জন আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশ ও দর্শনা পুলিশ পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩ বোতল ফেনসিডিল ও ৫০ পিচ ইয়াবা ট্যাবলেট সহ ৩ জন কে আটক করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে দামুড়হুদা মডেল থানা পুলিশের

ইনচার্জ সুকুমার বিশ্বাস এর নেতৃত্বে এস আই সাইফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান আরামডাঙ্গা গ্রামে। এ সময় পুলিশ দামুড়হুদা উপজেলার কার্পাডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের রাস্তার উপর থেকে ইয়াবা ব্যাবসায়ী আমির হোসেনের ছেলে মোহাম্মদ তারিক (৩৭) ও চন্দ্রবাস গ্রামের আঃ জলিলের ছেলে মাহব্◌ুুর (২১) কে ৫০ পিস ইয়াবা ট্যাবলেট সহ আটক করে।

অপরদিকে, দর্শনা পুলিশের ইনচার্জ শেখ মাহবুবুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা গার্লস স্কুলের সমানে। এ সময় পুলিশ দর্শনা পৌর সভার ইসলাম বাজারপড়ার রাজিব (২২) কে ৩ বোতল ভারতীয় ফেনসিডিল সহ আটক করে। গতকালই তাদের বিরুদ্দে মাদক আইনে মামলা দিয়ে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গায় ডেঙ্গু প্রতিরোধে মশা নিধনের কিটনাশক স্প্রে

আলমডাঙ্গা মালিহাদ ইউনিয়ন পরিষদের ৯ নম্বর ওয়ার্ডে বাজিতপুর ও চক হারদির স্কুল, মসজিদ ও মাদ্রাসার আশপাশে ডেঙ্গু প্রতিরোধে মশা নিধনের কীটনাশক স্প্রে করা হয়েছে।

গতকাল সকাল ১০ টার দিকে চকহারদীর স্কুলের আশপাশে এ কর্মসূচী পালন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান আলমগীর হোসেন, বাজিতপুর ও চক হারদীর প্রাথমিক বিদ্যালযর প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা। ৯ নম্বর ওয়ার্ড মেম্বার, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

এ সময় ইউপি চেয়ারম্যান আলমগীর হোসেন বলেন, সরকার সারা দেশে ডেঙ্গু মশা মারার জন্য কিটনাশক ঔষধ সরবরাহ করেছে। আমরা সকল মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের আশপাশের জঙ্গল পরিস্কার ও কিটনাশক ঔষধ ছিটাচ্ছি। তবে শুধু কিটনাশক দিলেই হবে না আপনাদের

সচেতনতা বৃদ্ধির লক্ষে যে সব বই, লিফলেট বিতরন করছি সেগুলো সকলকে পড়তে হবে।

দর্শনায় যুবলীগ কর্মী পল্টু হত্যা মামলার আসামিদের ফাঁসির দাবিতে মানববন্ধন

চুডাডাঙ্গাা দামুড়হুদা উপজেলার দর্শনায় যুবলীগ কর্মী পল্টু হত্যা মামলার আসামীদের ফাঁসি দাবীতে আওয়ামীলীগের নেতাকর্মী সহ সর্বস্তরের জনগণের প্রতিবাদ সভা ও মানববন্ধব কর্মসূচী পালন করেছে।

মঙ্গলবার বিকাল ৪ টার দিকে দর্শনা রেল বাজারে ১ কিলোমিটার এলাকা জুড়ে রাস্তার দুই পাশে হাজারো মানুষ এই মানববন্ধনে উপস্থিত হয়। মানববন্ধনে আওয়ামীলীগর নেতা কর্মী।

এলাকার নারী, পুরুষ সাধারন মানুষ সহ সর্বস্তরের দর্শনাবাসীর এক টাই দাবী যুবলীগ কর্মী পল্টু হত্যা মামলার আসামীদের ফাঁসি চাই। এর আগে মঙ্গলবার সকালে এই মানববন্ধনে দর্শনাবাসী সকলকে উপস্থিত হওয়ার জন্য মাইকিং করা হয়।

মানববন্ধন ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ। বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মাহফুজুর রহমান মঞ্জু, দর্শনা পৌর আওয়মীলীগের সাধারন সম্পাদক ও পৌর মেয়র মো: মতিয়ার রহমান, দর্শনা পৌর আওয়মীলীগের সভাপতি মো: শহিদুল ইসলাম, মামলার তদন্তকারী কর্মকর্তা দামুড়হুদা মডেল থানার এস আই সহব্বত, দর্শনা রেল বাজার কমিটির সভাপতি টিপু সুলতান, অংকুর আদর্শ বিদ্যালয়ের অধ্যক্ষ মো: হাফিজুর রহমান, সাবেক শ্রমিক নেতা মো: আজিজুল হক।

এ সময় বক্তারা বলেন, যুবলীগ কর্মী পল্টু হত্যা মামলার আসামীদের সর্বোচ্চ শাস্তি ফাঁসি না হওয়া পর্যন্ত রাজ পথে থেকে আন্দোলন

চালিয়ে যাওয়ার হুশিয়ারী দেন। এবং বিভিন্ন কর্মসূচি অব্যাহত থাকবে বলেও জানান।

উল্লেখ, গত ২৩ আগষ্ট তারিখে পূর্ব শত্রুতার জের ধরে প্রকাশ্যে ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত আব্দুর রউফ এর ছেলে যুবলীগ কর্মী নঈমদ্দিন আহম্মেদ পল্টু (৩৮) কে কুপিয়ে ও লোহর রড দিয়ে পিটিয়ে হত্যা করে এবং একই গ্রামের মন্জুর আহম্মেদ মারাত্মক আহত করে। এ ঘটনায় পল্টুর ভাই মঈনইদ্দিন বাদী হয়ে গত ২৪ আগষ্ট তারিখে দামুড়হুদা থানায় ৭ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করেন। আসামীরা হলেন, দর্শনা মোবারক পাড়ার আলী হোসেনের ছেলে আব্দুল মান্নান (৪২), কবির খালাসীর ছেলে শেখ আসলাম তোতা (৪৩), দর্শনা পুরাতন বাজারের জিয়াউল হকের ছেলে দিপু রেজা (৪১), মোবারক পাড়ার আব্দুর রাজ্জাকের ছেলে সাইফুল ইসলাম ওরফে বাংলা (৪১), বাদল খানের ছেলে মোঃ আলম (৪৩), ডাঃ শামসুল ইসলামের ছেলে মোঃ সোহেল (৪০) ও ইমারত আলীর ছেলে আশিক (২০)।

এ সাতজনকে আসামী করে এবং অজ্ঞাত আরো ১০/১২জনকে আসামী করে দামুড়হুদা থানায় মামলা করা হয়। গত সোমবার তারা চুয়াডাঙ্গা নিম্ন আদালতে জামিনের জন্য আবেদন করলে বিচারক তাদের জামিন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণ করেন। এবং তদন্ত কারী পুলিশ অফিসার সত্য উদঘাটনের জন্য ১০ দিনের রিমান্ডের আবেদন করেন। বর্তমানে তারা চুয়াডাঙ্গা জেলা কারাগারে আছে।

মেপ্র/দর্শনা প্রতিনিধি

জীবননগরে ৪ গুণীকে স্বারক সম্মাননা দিল প্রমিত বাংলা পরিষদ

জীবননগরে শিক্ষা বিস্তার, ক্রীড়াঙ্গন, সাংবাদিকতায় বিশেষ অবদান রাখায় ৪ গুণী ব্যাক্তিদের প্রমিত বাংলা স্মারক সম্মাননা প্রদান করা হয়েছে।